সমকাল

তারিখ ... 27 JAN 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# ক্লাস পরীক্ষা চালুর দাবিতে আন্দোলন চলছেই

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ক্লাস-পরীক্ষা চালুর দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের বৃহস্পতিবার বিকেল ৫টা পর্যন্ত বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে ক্লাস-পরীক্ষা চালুর কোনো আশ্বাস না দেওয়ায় শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে শিক্ষক বাস আটকে দেন। আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষক সমিতির নেতারা কোনো কিছু না বলে বিকেল ৫টায় অফিস সময় শেষে শিক্ষক বাস নিয়ে যেতে চাইলে প্রধান ফটকে শিক্ষার্থীরা তালা ঝুলিয়ে ফটকের সামনে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করতে থাকেন। বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে ক্লাস-পরীক্ষা চালুর বিষয়ে কোনো অগ্রগতি না হওয়ায় ১১ দফা দাবি থেকে সরে এসে ক্লাস-পরীক্ষা চালুর এক দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন শিক্ষার্থীরা।

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়

ক্যাম্পাস সূত্রে জানা যায়, হামলার শিকার বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষকের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের মামলা দায়ের করা ও শিক্ষক লাঞ্ছনাকারী শিক্ষককে কলা ও মানবিক অনুষদের ডিন পদ থেকে অব্যাহতিসহ ৬ দফা দাবিতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণার পর ক্লাস-পরীক্ষা চালুসহ ১১ দফা দাবিতে গত রোববার থেকে আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। গত বুধবার শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে শিক্ষার্থী প্রতিনিধি দলের বৈঠকে ক্লাস-পরীক্ষা চালুর কোনো সিদ্ধান্ত না হওয়ায় দুপুর সাড়ে ১২টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এ সময় বিশ্ববিদ্যালয় উপাচার্য, ট্রেজারার, শিক্ষক সমিতির নেতাসহ কর্মকর্তা-কর্মচারীরা আটকা পড়েন। পরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও প্রশাসনকে বৃহস্পতিবার বিকেল ৫টার মধ্যে বিশ্ববিদ্যালয়ে ক্লাস-পরীক্ষা শুরুর ইতিবাচক আশ্বাস প্রদানে সময়সীমা বেঁধে দিয়ে প্রশাসনিক ভবনের তালা খুলে দেন শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বিকেল ৫টা পর্যন্ত প্রশাসনের পক্ষ থেকে ইতিবাচক কোনো আশ্বাস না পেয়ে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রধান ফটকে তালা ও আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেন। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. আবু তাহের বলেন, 'উপাচার্যের পক্ষ থেকে আমরা এ বিষয়ে কোনো ইতিবাচক সাড়া পাইনি। তাই আমরা আমাদের আন্দোলন চালিয়ে যাব।'